

15 ফেব্রুয়ারি, 2018

Office of the Chancellor

52 Chambers Street
New York, NY 10007

212 374 0200 Tel

212 374 5588 Fax

প্রিয় পরিবারবর্গ,

আমি ফ্লোরিডার ব্রাওয়ার্ড কাউন্টির স্কুলে গুলিবর্ষণের ঘটনার পর অত্যন্ত ভারাক্রান্ত হৃদয়ে লিখছি।

সরাসরি ক্ষতিগ্রস্ত শিক্ষার্থী ও পরিবারগুলোর জন্য আমি মর্মহত। এছাড়াও আমি- নিউ ইয়র্ক সিটিসহ- সারা দেশের সকল পরিবার ও শিক্ষার্থীদের যারা ফ্লোরিডাতে ঘটে যাওয়া ঘটনাটি দেখেছে, আমি মনে করছি- স্কুলে নিরাপত্তার কথা ভেবে তারা হয়তো আতঙ্কিত।

আমাদের ছেলেমেয়ে ও পরিবারের জন্য প্রতিটি স্কুল নিরাপদ আশ্রয়, সেটা নিশ্চিত করাই আমাদের কাজ।

আমি আপনাদের আশ্বস্ত করতে চাই যে, সকল ছেলেমেয়ে ও স্কুল স্টাফদেরকে- শারীরিক ও মানসিক- উভয় দিকে নিরাপদ রাখার জন্য ডিপার্টমেন্ট অভ এডুকেশন NYPD-এর সাথে একযোগে কাজ করে। সকল স্কুল যাতে 2 ফেব্রুয়ারি থেকে 15 মার্চের মধ্যে একবারসহ, সেফটি ড্রিল (নিরাপত্তা মহড়া) পরিচালনা করে, এবং প্রিন্সিপ্যাল যাতে স্কুল স্টাফদের সাথে তাদের স্কুল ভবনের জন্য স্কুলের নিজস্ব নিরাপত্তা নীতি পর্যালোচনা করেন, সেজন্য আমাদের একটি শর্ত বলবৎ আছে। আমি আমাদের শিক্ষকবৃন্দকে এসব নিরাপত্তা ড্রিলের উদ্দেশ্য ও পুরো স্কুল কমিউনিটিতে এগুলোর ব্যবহার নিয়ে আলোচনা করার অনুরোধ জানিয়েছি। তদুপরি, আমাদের ক্লাসরুমসমূহের মধ্যে এ ধরনের দুঃখজনক ঘটনার মতো বিষয়ে বিব্রতকর প্রশ্ন উত্থাপন ও আলোচনায় নিয়োজিত হতে আমি শিক্ষকবৃন্দকে অনুরোধ করেছি। স্কুলে ও বাড়িতে এ ধরনের কথাবার্তা বলা এবং আমাদের স্কুলে ছেলেমেয়েরা যে নিরাপদ, এবং তাদেরকে নিরাপদ রাখতে আমরা যে আমাদের ক্ষমতা অনুযায়ী সব করবো, সেটা সব সময় স্মরণ করিয়ে দেওয়া গুরুত্বপূর্ণ।

এছাড়াও সকল নিরাপত্তা ঝুঁকি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অবিলম্বে রিপোর্ট করার বিষয়টি নিশ্চিত করার ক্ষেত্রে আমরা আপনাদের সতর্কতা ও অংশগ্রহণ কামনা করি। আপনারা যদি কিছু দেখেন, তাহলে আমরা চাই আপনি কিছু বলবেন। অনুগ্রহ করে স্কুল প্রশাসন, স্কুল নিরাপত্তা কর্মকর্তা, আপনাদের প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করবেন কিংবা 311 নম্বরে ফোন করবেন যা সমস্যাটিকে NYPD বা DOE-এর যথাস্থানে প্রেরিত হবে। জরুরি হলে অবিলম্বে 911 নম্বরে ফোন করুন।

শিক্ষাব্রতী হিসেবে হিসেবে আমি যেখানে সব সময় ছেলেমেয়েদের বেড়ে উঠায়, সফল হওয়ায় এবং তাদের সম্ভাবনাকে বাস্তবায়ন করায় কাজ করেছি, সেখানে গতকাল ঘটে যাওয়া ঘটনাটি আমার জন্য ছিলো হৃদয়বিদারক। আপনাদের অনেকেই আমার মতো অনুভব করছেন বলে আমি জানি, এবং আশা করছি যে, আপনারা এসব অনুভূতি নিয়ে প্রিয়জনদের সাথে কথা বলবেন।

শুভেচ্ছান্তে,



চ্যান্সেলর
ডিপার্টমেন্ট অভ এডুকেশন